দৈনিক ইত্তেফাক

২৬

তারিখ 02 DEC 1998
পৃষ্ঠা ৭ কলাম ৬

# বন্যায় ফরিদগঞ্জ থানার ২৭টি প্রাথমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত

চাঁদপুর সংবাদদাতা ॥ চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানায় এবারের ভয়াবহ বন্যায় ২৭টি প্রাথমিক বিদ্যালয়ের ব্যাপক ক্ষয়-ক্ষতি হইয়াছে। ফলে প্রায় ৬ হাজার ছাত্র-ছাত্রীর লেখাপড়া বিঘ্নিত হইতেছে। থানা শিক্ষা অফিস সূত্রে জানা গিয়াছে, ক্ষতিগ্রস্ত বিদ্যালয় ভবন, আসবাবপত্র ইত্যাদি মেরামত ও সংস্কার করার জন্য ৯০ লক্ষ টাকা চাহিয়া উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন করা সত্ত্বেও ২৩শে নভেম্বর এই সংবাদ লেখা পর্যন্ত কোন সরকারী অর্থ বরাদ্দ পাওয়া যায় নাই।

এদিকে এই থানার দক্ষিণ ধানুয়া বেসরকারী রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয় ভবনের (নবনির্মিত পাকা ভবন) পার্শ্বের পুরাতন টিনের বিদ্যালয় গৃহটি '৯৭ সালের ঘূর্ণিঝড়ে মাটিতে পড়িয়া যাওয়ার পর ভগ্নগৃহটি মেরামত করার কোন উদ্যোগ গ্রহণ করা হয় না। ফলে অযত্নে অবহেলায় টিন, খুঁটি, কাঠ ইত্যাদি নষ্ট হইয়া যাইতেছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, টিনের বিদ্যালয় গৃহটি মেরামত করার জন্য থানা শিক্ষা অফিসার, থানা নির্বাহী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট মহলে লিখিতভাবে জানান সত্ত্বেও কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই।